

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের স্নাতক প্রথম বর্ষের ক্লাস শুরু ১৭ জুন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ফাইল ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি)

২০২৫-২৬ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ স্নাতক

(সম্মান) শ্রেণির ক্লাস আগামী ১৭ জুন থেকে

শুরু হবে।

বৃহস্পতিবার (৩০ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) ও কেন্দ্রীয় ভর্তি

পরিচালনা কমিটির সচিব সৈয়দ মোহাম্মদ

আলী রেজা স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য

জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ৩০ মার্চ সশরীরে

উপস্থিত এবং নতুন করে পছন্দক্রমের ফরম

পূরণকারীদের মধ্য থেকে নির্বাচিতদের বিভিন্ন ইউনিটের শূণ্য আসনে (৫ম ধাপ) ভর্তি ও পছন্দক্রমের ফরম পূরণ কার্যক্রম শুরু হবে ১ মে থেকে এবং চলবে ২ মে পর্যন্ত। একই সময়ে মাইগ্রেশনে অনিচ্ছুক ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইনে মাইগ্রেশন বন্ধ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

পরবর্তীতে ৪ মে মাইগ্রেশন তালিকা ও ৫ম ধাপে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (academic.juniv.edu) প্রকাশ করা হবে।

নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইন ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে ৫ থেকে ৭ মের মধ্যে। এরপর ১০ মে সকাল ৯টা ৩০ মিনিট থেকে বিকেল ৩টা ৩০ মিনিট পর্যন্ত সশরীরে উপস্থিত হয়ে ভর্তি নিশ্চিত করতে হবে।

ভর্তি সম্পন্ন করা সব শিক্ষার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম শেষ করে ১৭ জুন থেকে ক্লাসে অংশগ্রহণ করতে হবে।

